রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, অক্টোবর ২৩, ২০২৩

## বাংলাদেশ জাতীয় সংসদ

ঢাকা, ০৭ কার্তিক, ১৪৩০ মোতাবেক ২৩ অক্টোবর, ২০২৩

নিম্নলিখিত বিলটি ০৭ কার্তিক, ১৪৩০ মোতাবেক ২৩ অক্টোবর, ২০২৩ তারিখে জাতীয় সংসদে উত্থাপিত হইয়াছে :—

## বা. জা. স. বিল নং ৫২/২০২৩

## নিউ ডেভেলপমেন্ট ব্যাংক প্রতিষ্ঠার চুক্তি বাস্তবায়নের উদ্দেশ্যে আনীত বিল

যেহেতু গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ অভিগমন দলিল (Instrument of Accession) দাখিল করিয়া নিউ ডেভেলপমেন্ট ব্যাংকের সদস্য হইয়াছে; এবং

যেহেতু চুক্তির বাস্তবায়নসহ ব্যাংকের সদস্য হিসাবে দায়-দায়িত্ব পালন এবং আনুষঙ্গিক বিষয়ে বিধান করা সমীচীন ও প্রয়োজনীয়;

সেহেতু এতদ্দ্বারা নিম্নরূপ আইন করা হইল:—

১। **সংক্ষিপ্ত শিরোনাম ও প্রবর্তন।**—(১) এই আইন নিউ ডেভেলপমেন্ট ব্যাংক আইন, ২০২৩ নামে অভিহিত হইবে।

(২) ইহা অবিলম্বে কার্যকর হইবে।

২। **সংজ্ঞা।**—বিষয় বা প্রসঙ্গের পরিপন্থি কোনো কিছু না থাকিলে, এই আইনে—



মূল্য : টাকা ১২.০০

(১) **"চুক্তি"** অর্থ নিউ ডেভেলপমেন্ট ব্যাংক প্রতিষ্ঠার উদ্দেশ্যে ১৫ জুলাই, ২০১৪ খ্রিষ্টাব্দ তারিখে সম্পাদিত Agreement on the New Development Bank;

(২) **"ব্যাংক"** অর্থ চুক্তির অধীন প্রতিষ্ঠিত নিউ ডেভেলপমেন্ট ব্যাংক; এবং

(৩) **"তফসিল"** অর্থ এই আইনের তফসিল।

৩। **আর্থিক সংস্থান।**—(১) চুক্তির ANNEX এ বর্ণিত Articles of Agreement of the New Development Bank এর Article 7, 8 ও 9 এর অধীন গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের পক্ষে প্রদেয় প্রয়োজনীয় সমুদয় অর্থ সংযুক্ত তহবিল হইতে প্রদত্ত হইবে।

(২) চুক্তি অনুসারে ব্যাংক হইতে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক প্রাপ্ত সকল অর্থ সংযুক্ত তহবিলে জমা হইবে।

৪। **ব্যাংকের আমানতদার।**—বাংলাদেশে অবস্থিত ব্যাংকের ধারণকৃত বাংলাদেশি মুদ্রা বা অন্যান্য পরিসম্পদের আমানতদার (depository) হইবে বাংলাদেশ ব্যাংক।

৫। **চুক্তির কতিপয় বিশেষ বিধানের আইনগত মর্যাদা।**—আপাতত বলবৎ অন্য কোনো আইনে যাহা কিছুই থাকুক না কেন, তফসিলে উল্লিখিত চুক্তির বিধানাবলি বাংলাদেশে আইনের মর্যাদাসম্পন্ন হইবে:

তবে শর্ত থাকে যে, চুক্তির ANNEX এ বর্ণিত Articles of Agreement of the New Development Bank এর Article 34. Exemption from Taxation সংক্রান্ত বিধানের এইরূপ কোনো ব্যাখ্যা করা যাইবে না, যাহা—

(ক) ব্যাংক কর্তৃক কোনো প্রকার পণ্য শুল্কমুক্তভাবে আমদানি করা হইলে পরবর্তীতে কোনো নিয়ন্ত্রণ ব্যতীত বাংলাদেশে উহা বিক্রয়ের অধিকার বর্তায়; অথবা

(খ) বিক্রীত পণ্যের মূল্যের অংশ হিসাবে ব্যাংককে শুল্ক বা কর হইতে অব্যাহতি প্রদান করে বা প্রদত্ত সেবার মূল্যের অধিক হয়।

৬। **চুক্তির অধীন বাধ্যবাধকতা এবং দায়িত্ব পালনে পদক্ষেপ গ্রহণের ক্ষমতা।**—সরকার, চুক্তির অধীন আর্থিক বাধ্যবাধকতা ও দায়িত্ব পালনে প্রয়োজনীয় সকল পদক্ষেপ এবং ব্যবস্থা গ্রহণ করিবে।

৭। **তফসিল সংশোধনের ক্ষমতা।**—সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, পরবর্তীতে চুক্তির সংশোধনীর সহিত সামঞ্জস্য রাখিয়া তফসিল সংশোধন করিতে পারিবে।

৮। **বিধি প্রণয়নের ক্ষমতা।**—সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের উদ্দেশ্যপূরণকল্পে, বিধি প্রণয়ন করিতে পারিবে।

৯। **ইংরেজীতে অনূদিত পাঠ প্রকাশ।**—(১) এই আইন প্রবর্তনের পর সরকার, সরকারি গেজেটে প্রজ্ঞাপন দ্বারা, এই আইনের মূল বাংলা পাঠের ইংরেজিতে অনূদিত একটি নির্ভরযোগ্য পাঠ (Authentic English Text) প্রকাশ করিবে।

(২) মূল বাংলা পাঠ এবং ইংরেজী পাঠের মধ্যে বিরোধের ক্ষেত্রে বাংলা পাঠ প্রাধান্য পাইবে।

## তফসিল

(ধারা ৫ ও ৭ দ্রষ্টব্য)

**Provisions of the ANNEX. Articles of Agreement of the New Development Bank which shall have the force of law**

## Chapter VI

**Article 28-Purpose of the Chapter**

To enable the Bank effectively to fulfill its purpose and carry out the functions entrusted to it, the status, immunities, exemptions and privileges set forth in this Chapter shall be accorded to the Bank in the territory of each member.

**Article 29-Status**

a) The Bank shall possess full international personality.

b) In the territory of each member the Bank shall possess full juridical personality and, in particular, full capacity to:

(i) contract;

(ii) acquire and dispose of immovable and movable property; and

(iii) institute legal proceedings.

**Article 30-Position of the Bank with regard to Judicial Process**

a) The Bank shall enjoy immunity from every form of legal process, except in cases arising out of or in connection with the exercise of its powers to borrow money, to guarantee obligations, or to buy and sell or underwrite the sale of securities, in which cases actions may be brought against the Bank in a court of competent jurisdiction in the territory of a country in which the Bank has its headquarters or offices, or has appointed an agent for the purpose of accepting service or notice of process, or has issued or guaranteed securities.

b) Notwithstanding the provisions of paragraph (a) of this Article, no action shall be brought against the Bank by any member, or by any agency or instrumentality of a member, or by any entity or person directly or indirectly acting for or deriving claims from a member or from any agency

or instrumentality of a member. Members shall have recourse to such special procedures for the settlement of controversies between the Bank and its members as may be prescribed in this Agreement, in the by-laws and regulations of the Bank, or in contracts entered into with the Bank.

c) Property and assets of the Bank shall, wheresoever located and by whomsoever held, be immune from all forms of seizure, attachment or execution before the delivery of final judgment against the Bank.

**Article 31-Freedom and Immunity of Assets and Archives**

a) Property and assets of the Bank, wherever located and by whomsoever held, shall be immune from search, requisition, confiscation, expropriation or any other form of taking or foreclosure by executive or legislative action.

b) The archives of the Bank and, in general, all documents belonging to it or held by it, shall be inviolable, wherever located.

c) To the extent necessary to carry out the purpose and functions of the Bank and subject to the provisions of this Agreement, all property and other assets of the Bank shall be exempt from restrictions, regulations, controls and moratoria of any nature.

**Article 32-Privilege for Communications**

The official communications of the Bank shall be accorded by each member the same treatment that it accords to the official communications of other members.

**Article 33-Personal Immunities and Privileges**

All Governors, Directors, alternates, officers, and employees of the Bank shall have the following privileges and immunities:

(i) immunity from legal process with respect to acts performed by them in their official capacity, except when the Bank waives this immunity;

(ii) when not local nationals, the same immunities from immigration restrictions, alien registration requirements and national service obligations and the same facilities as regards exchange provisions as are accorded by members to the representatives, officials, and employees of comparable rank of other members;

(iii) the same privileges in respect of traveling facilities as are accorded by members to representatives, officials, and employees of comparable rank of other members.

**Article 34-Exemption from Taxation**

a) The Bank, its property, other assets, income, transfers and the operations and transactions it carries out pursuant to this Agreement, shall be immune from all taxation, from all restrictions and from all customs duties. The Bank shall also be immune from any obligation relating to the payment, withholding or collection of any tax, or duty.

b) No tax shall be levied on or in respect of salaries and emoluments paid by the Bank to Directors, alternates, officers or employees of the Bank, including experts performing missions for the Bank, except where a member, notwithstanding Article 48(d), deposits with its instrument of ratification, acceptance, approval or accession a declaration that such member retains for itself and its political subdivisions the right to tax salaries and emoluments paid by the Bank to citizens or nationals of such member.

c) No tax of any kind shall be levied on any obligation or security issued by the Bank, including any dividend or interest thereon, by whomsoever held:

(i) which discriminates against such obligation or security solely because it is issued by the Bank; or

(ii) if the sole jurisdictional basis for such taxation is the place or currency in which it is issued, made payable or paid, or the location of any office or place of business maintained by the Bank.

d) No tax of any kind shall be levied on any obligation or security guaranteed by the Bank, including any dividend or interest thereon, by whomsoever held:

i) which discriminates against such obligation or security solely because it is guaranteed by the Bank; or

ii) if the sole jurisdictional basis for such taxation is the location of any office or place of business maintained by the Bank.

**Article 35-Implementation**

Each member, in accordance with its juridical system, shall promptly take such action as is necessary to make effective in its own territory the provisions set forth in the Chapter and shall inform the Bank of the action which it has taken on the matter.

**Article 36-Waiver of Immunities, Privileges and Exemptions**

The immunities, privileges and exemptions conferred under this Chapter are granted in the interest of the Bank. The Board of Directors may waive to such extent and upon such conditions as it may determine any of the immunities, privileges and exemptions conferred under this Chapter in cases where such action would, in its opinion, be appropriate in the best interests of the Bank. The President shall have the right and the duty to waive any immunity, privilege or exemption in respect of any officer, employee or expert of the Bank, other than the President and each Vice-President, where, in his or her opinion, the immunity, privilege or exemption would impede the course of justice and can be waived without prejudice to the interests of the Bank. In similar circumstances and under the same conditions, the Board of Directors shall have the right and the duty to waive any immunity, privilege or exemption in respect of the President and each Vice-President.

# উদ্দেশ্য ও কারণ সংবলিত বিবৃতি

ব্রাজিল, রাশিয়া, ভারত, চীন এবং দক্ষিণ-আফ্রিকার সমন্বয়ে গঠিত ব্রিকস (BRICS) জোট ২০১৪ সালে অনুষ্ঠিত ষষ্ঠ শীর্ষ সম্মেলনে "Agreement on the New Development Bank" স্বাক্ষরের মাধ্যমে নিউ ডেভেলপমেন্ট ব্যাংক (এনডিবি) নামক একটি বহুজাতিক ব্যাংক প্রতিষ্ঠা করে। এনডিবি প্রতিষ্ঠার মূল উদ্দেশ্য উন্নয়নশীল দেশসমূহের অবকাঠামো এবং টেকসই উন্নয়ন প্রকল্প বাস্তবায়নে আর্থিক সহায়তা প্রদান। বর্তমানে ৫টি প্রতিষ্ঠাতা সদস্য এবং বাংলাদেশ, সংযুক্ত আরব আমিরাত ও মিশরসহ মোট ০৮টি দেশ এর সদস্য ।

২। এই ব্যাংকের অনুমোদিত মূলধন ৫০ বিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে paid-in-shares ১০ বিলিয়ন মার্কিন ডলার এবং callable share ৪০ বিলিয়ন মার্কিন ডলার বাংলাদেশের মোট শেয়ারের পরিমাণ ৯৪২০, এবং চাঁদার পরিমাণ ৯৪২.০০ মিলিয়ন মার্কিন ডলার, যার মধ্যে paid-in মূলধন হিসাবে বাংলাদেশের প্রদেয় পরিমাণ ১৮৮.৪০ মিলিয়ন মার্কিন ডলার (প্রায় ২০৮১ কোটি ৮২ লক্ষ টাকা) যা ০৭ (সাত) কিস্তিতে পরিশোধযোগ্য ।

৩। মাননীয় প্রধানমন্ত্রীর সদয় অনুমোদনের প্রেক্ষিতে বাংলাদেশ গত ১২ সেপ্টেম্বর ২০২১ তারিখে 'Instrument of Accession' স্বাক্ষরপূর্বক গত ১৬ সেপ্টেম্বর ২০২১ তারিখে NDB-এর সদস্যপদ লাভ করে। NDB'র Article of Agreement (AoA) এর Article 48 অনুযায়ী Agreement on the New Development Bank অনুসমর্থন করা প্রয়োজন। উক্ত অনুসমর্থন এবং অন্যান্য বহুজাতিক ব্যাংক এর ন্যায় NDB-কে তার উদ্দেশ্য সাধন ও কার্যক্রম সম্পাদনের লক্ষ্যে প্রদেয় মর্যাদা (status), দায়মুক্তি (immunities), সুযোগ-সুবিধা এবং কর/ ভ্যাট হতে অব্যাহতি প্রদানের জন্য নতুন আইন প্রণয়ন করতে হবে। উল্লেখ্য, ইতোপূর্বে IBRD এবং IMF-এর জন্য The International Financial Organization Order, 1972, ADB-এর জন্য The Asian Development Bank Order, 1973, IDB-এর জন্য The Islamic Development Bank Act, 1975 এবং ইন্টারন্যাশনাল ফিন্যান্স কর্পোরেশন-এর জন্য ইন্টারন্যাশনাল ফিন্যান্স কর্পোরেশন আইন, ২০১৫ এবং সর্বশেষ AIIB এর জন্য এশিয়ান ইনফ্রাস্ট্রাকচার ইনভেস্টমেন্ট ব্যাংক আইন, ২০১৬ প্রণয়ন করা হয়েছে। এ প্রেক্ষেতে উল্লিখিত আইনসমূহের সাথে সামঞ্জস্য রেখে নিউ ডেভেলপমেন্ট ব্যাংক আইন, ২০২৩' প্রণয়নের জন্য প্রস্তাব করা হয়েছে।

**আহম মুস্তফা কামাল**
ভারপ্রাপ্ত মন্ত্রী।

---

**কে, এম, আব্দুস সালাম**
সিনিয়র সচিব ।

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd